অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/9/2021 **গভর্নর ক্যাথি হোকল**

হাডসন ভ্যালিতে ফাহনেস্টক স্টেট পার্কে 6.2 মিলিয়ন ডলার ব্যয়ে ট্যাকোনিক আউটডোর এডুকেশন সেন্টারের আধুনিকায়ন সম্পন্ন হয়েছে বলে গভর্নর হোকলের ঘোষণা

স্কুল, যুব, ও স্কাউটিং গ্রুপগুলোকে পরিবেশ সংক্রান্ত শিক্ষা প্রদানের উদ্দেশ্যে 1970 দশকের এই স্থাপনা আপগ্রেড করা হয়েছে

ছবি পাওয়া যাবে এখানে

6.2 মিলিয়ন ডলার ব্যয়ে দুই বছর ব্যাপী সংস্কার প্রকল্প চলার পরে, আজ গভর্নর ক্যাথি হোকল ফাহনেস্টক স্টেট পার্কে আধুনিকায়িত ট্যাকোনিক আউটডোর এডুকেশন সেন্টার পুনরায় খোলার ঘোষণা দিয়েছেন। পাটনাম কাউন্টির কোল্ড স্প্রিং-এ অবস্থিত এই সেন্টারে হাইল্যান্ড লজ এবং সব-ঋতুতে ব্যবহার উপযোগী নয়টি গ্রাম্য কেবিন অন্তর্ভুক্ত রয়েছে। কেবিনগুলো বছর-ব্যাপী প্রকৃতি-সম্পর্কিত কর্মসূচিতে অংশগ্রহণকারী স্কুল, কলেজ, ইয়ুথ গ্রুপ, ও স্কাউটিং সংগঠনগুলোর জন্য রাতে থাকার জায়গা প্রদান করে। এই ফ্যাসিলিটির সাথে একটি নতুন এডুকেশন প্যাভিলিয়নও যোগ করা হয়েছে।

"ফাহনেস্টক স্টেট পার্কের এডুকেশন সেন্টারের এই 6.2 মিলিয়ন ডলারের আধুনিকায়ন শিক্ষার্থী ও দর্শনার্থী উভয়কে একটি সম্পূর্ণ নতুন আঙ্গিকে আমাদের পরিবেশকে মূল্যায়ন করার এবং এ সম্পর্কে জানার সুযোগ করে দিবে," **বলেছেন গভর্নর হোকল**। "প্রকল্পটি সম্পন্ন হয়ে যাওয়ায়, এখন এই সমৃদ্ধ ফ্যাসিলিটি শুধু পার্কের দর্শনার্থীদের একটি উন্নত অভিজ্ঞতাই প্রদান করবে না, বরং কিভাবে আমাদের মূল্যবান প্রাকৃতিক সম্পদগুলো সংরক্ষণ করতে হয় এবং জলবায়ু পরিবর্তনের প্রভাবের বিরুদ্ধে লড়াই করতে হয় তারা তা শেখার সময়, পরবর্তী প্রজন্মের জন্য এটি একটি গুরুত্বপূর্ণ সম্পদ হবে।"

1970 দশকের মাঝামাঝি সময়ে নির্মিত হওয়া এসব জনপ্রিয় ফ্যাসিলিটি আপডেট করার প্রয়োজন দেখা দিয়েছিল। সেন্টারটি উত্তর-পূর্বাঞ্চলজুড়ে অবস্থিত সরকারি ও বেসরকারি স্কুল, কলেজ ও ইউনিভার্সিটি, নাগরিক সংস্থা, এজেন্সি ও ব্যবসা প্রতিষ্ঠানগুলোর জন্য হোস্ট করে থাকে। কর্মসূচির কিছু উদাহরণের মধ্যে রয়েছে পরিবেশগত শিক্ষা, কনজার্ভেশন ক্যাম্প, একটি দলগত রোপ কোর্স, স্কাউটিং ব্যাজ কর্মসূচি, পারিবারিক প্রাকৃতিক ইভেন্ট, ম্যাপল গাছের রস সংগ্রহ, ফিল্ড ট্রিপ ও ব্যবসায়িক মিটিং। এছাড়াও সেন্টারের কর্মীরা স্কুলগুলোতে ভিজিট করেন এবং পরিবেশ সম্পর্কিত বিভিন্ন বিষয়ে শ্রেণিকক্ষে পাঠদান করেন।

NY ওয়ার্কস (NY Works) সংস্কার প্রকল্পটির অর্থায়নে সহায়তা করেছে এবংস্টেট কাউন্সিল অব পার্কস (State Council of Parks)-এর সভাপতি লুসি রকফেলার ওয়ালেটজকি নতুন আউটডোর টিচিং প্যাভিলিয়ন নির্মাণের জন্য অনুদান দিয়ে সাহায্য করেছেন।

ট্যাকোনিক আউটডোর এডুকেশন সেন্টার (TOEC) সংস্কারকাজ শুরুর জন্য 2019 সালের গ্রীষ্মে বন্ধ করে দেয়া হয়। 2000 সাল থেকে 2010 সাল পর্যন্ত 167,000 জনেরও বেশি ব্যক্তি সেন্টারটি ভিজিট করেছে।

স্টেট পার্কস কমিশনার এরিক কুলেসেইড বলেন, "অবস্থান করাকে একই সাথে তথ্যমূলক ও উপভোগ্য করে তুলবে এমন গ্রুপ ফ্যাসিলিটিগুলো নিয়ে এই সংস্কারকৃত সেন্টারটি এখন এটির শিক্ষা প্রদানের মিশনকে ভবিষ্যতে এগিয়ে নেয়ার দায়িত্ব পালনের জন্য তৈরি। এটি এমন এক জায়গা যেখানে বহু শিশু প্রকৃতি ও পরিবেশের সান্নিধ্য লাভ করে যা তাদেরকে জীবনভর পরিবেশকে মূল্যায়ন করতে শেখার একটি যাত্রা শুরু করতে সাহায্য করবে। দলগত বন্ধন গড়ে তোলা ও আবিষ্কারের এই জায়গাটিকে রাতে থাকার জন্য সংস্কারকৃত কেবিন সহ টেকসই ভবনে আপগ্রেড করার ফলে সেন্টারটি আসন্ন বহু বছর ধরে জনসাধারণকে সেবা দেয়া অব্যাহত রাখবে।"

স্টেট কাউন্সিল অব পার্কস-এর সভাপতি লুসি রকফেলার ওয়ালেটজকি বলেন, "বহু বছর ধরে বহু লোককে অনুপ্রাণিত করতে সাহায্য করে আসা এডুকেশন সেন্টারটির পুনরুজ্জীবিতকরণের উদ্দেশ্যে দর্শনার্থীদেরকে হাডসন ভ্যালির পরিবেশ সম্পর্কে শিখতে সাহায্য করার জন্য এই নতুন প্যাভিলিয়ন তৈরিতে সাহায্য করতে পেরে আমি গর্বিত।"

স্টেট সিনেটর সেরিনো বলেন, "হাডসন ভ্যালিকে এত চমৎকার একটি বসবাস ও পরিদর্শনের স্থানে পরিণত করা প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ নিশ্চিত করার ক্ষেত্রে পরিবেশ বিষয়ক শিক্ষা একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এসব আপগ্রেড গুরুত্বপূর্ণ পরিবেশ বিষয়ক শিক্ষা কর্মসূচি ও অভিজ্ঞতায় অ্যাক্সেস বৃদ্ধি করবে যা আসন্ন বহু বছর ধরে অসংখ্য শিক্ষার্থীকে উপকৃত করবে, এবং এই সংস্কারকে বাস্তবে রূপ দেয়ায় আমি স্টেট পার্কসকে ধন্যবাদ জানাই।"

TOEC-এর ম্যানেজার জন স্টোয়েল বলেন, "পার্কস-এর মিশনের বিবৃতি সমর্থন করার পাশাপাশি, TOEC-এর কর্মীরা আমাদের ব্যবহারকারীদের গ্রুপকে বছর-ব্যাপী ইতিবাচক আউটডোর অভিজ্ঞতা প্রদান করতে প্রতিশ্রুতিবদ্ধ যা ভবিষ্যত ভিজিট ও অ্যাডভেঞ্চারকে লালন করবে।"

ট্যাকোনিক আউটডোর এডুকেশন সেন্টার সারা বছর ধরে খোলা থাকে। রিজার্ভেশন সম্পর্কিত তথ্যের জন্য, এখানে ভিজিট করুন।

এই প্রকল্পের নির্মাণকাজের ব্যবস্থাপক ছিল দ্যা লিরো গ্রুপ (The LiRo Group) এবং জেনারেল কন্ট্রাক্টর ছিল প্লিজেন্ট ভ্যালির মায়ের কন্ট্রাক্টিং কর্প (Meyer Contracting Corp)। ইলেক্ট্রিকাল

কন্ট্রাক্টর ছিল FA বুরচেটা কোম্পানি অব ক্রোটন-অন-হাডসন (FA Burchetta Company of Croton-on-Hudson) এবং মেকানিক্যাল ও প্লাম্বিং কন্ট্রাক্টর ছিল প্লিজেন্ট ভ্যালির S&O কনস্ট্রাকশন সার্ভিসেস (S&O Construction Services)। প্রদর্শনীর কন্ট্রাক্টর ছিল আরগাইল-এর ADK স্টুডিও (ADK Studios) এবং নকশা বিষয়ক পরামর্শদাতা ছিল আলবানির স্ট্যানটেক কনসাল্টিং (Stantec Consulting)। প্রদর্শনীর নকশা বিষয়ক পরামর্শদাতা ছিল গ্লেনস ফলস-এর AJA আর্কিটেকচার অ্যান্ড প্ল্যানিং (AJA Architecture and Planning)।

নিউ ইয়র্ক স্টেট অফিস অফ পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজারভেশন 250 এর বেশি একক পার্ক, ঐতিহাসিক সাইট, বিনোদন ট্রেইল, এবং নৌকা চলাচল দেখাশোনা করে, যা 2020 সালে রেকর্ড সংখ্যক 78 মিলিয়ন মানুষ দেখতে গিয়েছেন। ইউনিভার্সিটির সাম্প্রতিক এক গবেষণায় দেখা গেছে, স্টেট পার্ক ও এর দর্শনার্থী দ্বারা যা ব্যয় হয় তা 5 বিলিয়ন মার্কিন ডলার আউটপুট ও বিক্রয়কে প্রসারিত করে, 54,000 বেসরকারি খাতের কর্মসংস্থান সৃষ্টি এবং অতিরিক্ত স্টেটের মোট দেশীয় পণ্য (Gross Domestic Product, GDP) 2.8 বিলিয়ন মার্কিন ডলারের বেশি যোগ করতে পারে। এসব চিত্তবিনোদনের যেকোনোটি সম্পর্কে আরো তথ্যের জন্য www.parks.ny.gov ওয়েবসাইট দেখুন, বিনামূল্যের NY স্টেট পার্কস এক্সপ্লোরার (NY State Parks Explorer) মোবাইল অ্যাপ ডাউনলোড করুন অথবা 518.474.0456 নম্বরে ফোন করুন। এছাড়াও, ফেসবুক (Facebook), ইনস্টাগ্রাম (Instagram) ও টুইটারে (Twitter) আমাদের সাথে সংযুক্ত হোন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন